# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৩৫

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮৮. নামাযের মধ্যে কাপড় ঝুলিয়ে রাখা।

باب الإِسْبَالِ فِي الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا زَيْدُ بْنُ أَخْزَمَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، عَنْ أَبِي عَوَانَةَ، عَنْ عَاصِمٍ، عَنْ أَبِي عُثْمَانَ، عَنِ ابْنِ مَسْعُودٍ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ أَسْبَلَ إِزَارَهُ فِي صَلاَتِهِ خُيَلاَءَ فَلَيْسَ مِنَ اللَّهِ فِي حِلٍّ وَلاَ حَرَامٍ " . قَالَ أَبُو دَاوُدَ رَوَى هَذَا جَمَاعَةٌ عَنْ عَاصِمٍ مَوْقُوفًا عَلَى ابْنِ مَسْعُودٍ مِنْهُمْ حَمَّادُ بْنُ سَلَمَةَ وَحَمَّادُ بْنُ زَيْدٍ وَأَبُو الأَحْوَصِ وَأَبُو مُعَاوِيَةَ .

বাংলা

৬৩৫. যায়েদ ইবনু আখযাম ...... ইবনু মাস্‌উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, যে ব্যক্তি নামাযের মধ্যে অহংকার করে স্বীয় পরিধেয় বস্ত্র (লুঙ্গী, জামা, পাজামা বা প্যান্ট গোছার নীচে পর্যন্ত) ঝুলিয়ে রাখে, ঐ ব্যক্তির ভাল বা মন্দের ব্যপারে আল্লাহ্ তা’আলার কোন দায়িত্ব নেই (তার জন্য জান্নাত হালাল করবেন না এবং দোযখ হারাম করবেন না, অথবা তার গুনাহ্ মাফ করবেন না এবং তাকে খারাপ কাজ থেকে বাঁচিয়ে রাখবেন না)। (নাসাঈ)।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, মুহাদ্দিছদের একদল যেমন আসিম, হাম্মাদ ইবনু সালামা, হাম্মাদ ইবনু যায়েদ, আবূল আহওয়াস, আবূ মুআবিয়া প্রমুখ ঐ হাদীছ ইবনু মাসউদ (রাঃ) থেকে “মাওকূফ হাদীছ” হিসেবে বর্ণনা করেছেন।

## English

Narrated Abdullah ibn Mas'ud:

I heard the Messenger of Allah (ﷺ) say: He who lets his garment trail during prayer out of pride, Allah, the Almighty, has nothing to do with pardoning

him and protecting him from Hell.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17058

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন